

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 1st Semester Examination, 2021

GE1-P1-BENGALI

বাংলা সাহিত্য ও বাংলা ভাষার ইতিহাস

Time Allotted: 2 Hours Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোন *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

७×8 = **১**২

- ক) প্রকাশকাল অনুযায়ী ক্রমান্বয়ে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসগুলির নাম লেখ।
- (খ) বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' কাকে বলা হয় ? তাঁকে এই নাম দেবার কারণ কী ?
- (গ) স্বরসঙ্গতি কাকে বলে ? উদাহরণসহ এর প্রকারভেদগুলির নাম লেখ।
- (ঘ) 'বৃত্রসংহার' কাব্যের লেখক কে ? এটি কী জাতীয় গ্রন্থ ? এই গ্রন্থে কাকে নায়ক রূপে বর্ণনা করা হয়েছে ?
- (ঙ) 'জোড়কলম' কী ? এ জাতীয় শব্দের তিনটি উদাহরণ দাও।
- (চ) 'নীলদর্পণ' নাটকের রচয়িতা কে ? এই নাটক রচনার প্রেক্ষাপটে বর্ণিত তদানীন্তন কৃষক সমাজের কোন চিত্র প্রতিফলিত হয়েছে ?

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোন *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ

৬×8 = ২৪

- (ক) যুগসন্ধির কবি হিসাবে ঈশ্বরগুপ্তের কাব্যপ্রতিভার মূল্যায়ন কর।
- (খ) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলির নাম লেখ ও তাঁর একটি প্রতিনিধিস্থানীয় পৌরাণিক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) টীকা লেখঃ

আরণ্যক, পুতুল নাচের ইতিকথা।

(ঘ) টীকা লেখঃ

স্বরভক্তি, অপিনিহিতি, লোকনিরুক্তি।

- (ঙ) রামমোহন রায় সাহিত্যিক ছিলেন না, তবু বাংলা গদ্য সাহিত্যে তাঁর অনেক অবদান আছে বিষয়টি পর্যালোচনা কর।
- (চ) বাংলা নাটক রচনার ইতিহাসে মধুসূদন দত্তের অবদান উল্লেখ কর।

UG/CBCS/B.A./Hons./1st Sem./Bengali/BENGE1/2021

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাওঃ

 $2 \times 2 = 28$

- (ক) রেখাচিত্রের সাহায্যে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস বিবৃত কর।
- (খ) বাংলা ছোটগল্প রচনার ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব বিচার কর।
- (গ) বাংলা উপভাষা কয়টি ? অঞ্চলভেদে উপভাষাগুলির নাম লেখ ও 'কামরূপী' উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখ।
- (ঘ) ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠার প্রাথমিক উদ্দেশ্য কি ছিল ? এই কলেজে বিভিন্ন সময়ে চর্চিত বাংলা গদ্যের পরিচয় দাও।

____×___

1008